

অঙ্গীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-১৫.১৪২.১১৬.০০.০০.০১২.২০১৪-১১৬

তারিখঃ ০৮.০২.২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের সহকারী অধ্যাপক (৬ষ্ঠ গ্রেড) পদে পদোন্নতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের সহকারী অধ্যাপক (৬ষ্ঠ গ্রেড) পদে পদোন্নতির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে নিম্নবর্ণিত Basic ও নন-ক্লিনিক্যাল বিষয় সমূহের কর্মকর্তাদের তথ্য সম্বলিত তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ে প্রাপ্ত তালিকা ওয়েব সাইটে প্রকাশ করা হলো (File-1 এনাটমি, বায়োকেমিস্ট্রি, নিউট্রিশন এন্ড বায়োকেমিস্ট্রি), (File-2 কমিউনিটি মেডিসিন), (File-3 বায়ো-ষ্ট্যাটিস্টিস্টিক্স, পপুলেশন ডাইনামিক্স, ডাইটাল ষ্ট্যাটিস্টিস্টিক্স, ইপিডেমিওলজি, ফরেনসিক মেডিসিন, হিস্টোপ্যাথলজি, ইম্যুনোলজি, মাইক্রোবায়োলজি) এবং (File-4 পারিলিক হেলথ এন্ড এ্যাডমিনিস্ট্রেশন, ফিজিওলজি, ফার্মাকোলজি, ডাইরোলজি)। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে তালিকায় উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই করার জন্য অনুরোধ করা হলো। তথ্যে কোনোরূপ গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জরুরী ভিত্তিতে স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রীসহ অন্যান্য শর্তের পাশাপাশি চাকুরিতে স্থায়ীকরণ, সিনিয়র ক্ষেত্র পরীক্ষায় উকীর্গ এবং ২০১০ হতে ২০১৪ সাল পর্যন্ত এসিআর আবশ্যক। কোর্সে থাকা কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট সময়ের জন্য এসিআরএর পরিবর্তে পিআর (প্রফেস রিপোর্ট) দাখিল করিতে হইবে।

৪/১
(মৈনুডিন আহমদ)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৮

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (তাঁকে তালিকাসহ বিজ্ঞপ্তি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।